

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 30/12/2025

Time: 7.50 PM

DEO: KB

Desk in Charge :- Susmita.M

Compiling :- Saibal B.

NRT : Partha Pratim M.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

- ১) প্রবীণ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ কলকাতায় বলেন, রাজ্যে ২০২৬সালের বিধানসভা নির্বাচন হবে অনুপ্রবেশের বিরুদ্ধে লড়াই। #তৃণমূল কংগ্রেস নেতৃত্বাধীন সরকার অনুপ্রবেশকারীদের জমি দিচ্ছে বলেও তিনি মন্তব্য করেন।
- ২) ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন-SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে Senior Deputy Election Commissioner জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে নির্বাচন কমিশনের একটি দল এখন রাজ্যে। # বৈঠক চলেছে বহুতলে বুথ করা নিয়ে।
- ৩) রাজ্যের স্কুল শিক্ষক ও শিক্ষিকাদের মাধ্যমিক পরীক্ষার সময় নির্বাচন কমিশনের কাজ থেকে অব্যাহতি দেওয়ার জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে মুখ্য নির্বাচন কমিশনারের কাছে আবেদন জানানো হয়েছে।
- ৪) চলতি মরশুমের আজই শীতলতম দিন। আগামীকাল থেকে তাপমাত্রা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।
- ৫) পূর্ব রেলের নতুন টাইম টেবিল আগামী পঞ্জালা জানুয়ারি থেকে কার্যকর হচ্ছে। #নতুন টাইম টেবিলে মেল/এক্সপ্রেস, প্যাসেঞ্জার ও লোকাল ট্রেনের সময়সূচিতে পরিবর্তন, ট্রেন যাত্রার দিন সংখ্যা পরিবর্তন, ট্রেন রুট সম্প্রসারণ অন্তর্ভুক্ত করা হয়েছে।

রাজ্যে ২০২৬ সালের বিধানসভা নির্বাচন অনুপ্রবেশের বিরুদ্ধে নির্বাচন হবে বলে বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্যে নির্বাচনের পর বর্তমানের অপশাসন, অনুপ্রবেশ এবং দুর্নীতির পরিবর্তে সুশাসন ও দরিদ্র কল্যাণের সরকার গড়ে উঠবে। তিনি অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের আমলে অপশাসন, অনুপ্রবেশ এবং দুর্নীতির ফলে মানুষ ভীত, সন্ত্রিপ্ত এবং উদ্বিষ্ট। যেসব রাজ্যে এনডিএ সরকার গড়ে উঠেছে সেখানে দরিদ্রদের কল্যাণে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে এবং এখানেও তা হবে। পাশাপাশি এমন মজবুত প্রশাসন তৈরি হবে যা অনুপ্রবেশ রুখবে। এনডিএ সরকার শুধুমাত্র অনুপ্রবেশ বন্ধ করবে না, অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে ফেরত পাঠাবে। শ্রী শাহ জানান, মমতা ব্যানার্জির মদতেই এই রাজ্যে অনুপ্রবেশ হচ্ছে এবং তিনি BSF-এর ওপরে দায় চাপাচ্ছেন ও CAA-তে বাধা দিচ্ছেন। রাজ্য সরকার সীমান্ত এলাকায় কাঁটাতারের জন্য জমি দেওয়ার পরিবর্তে অনুপ্রবেশের জন্য জমি দিচ্ছে। দেশে কোন সরকার এইভাবে অনুপ্রবেশকে সমর্থন করে না।

(বাইট অমিত শাহ)

শ্রী শাহ আরো জানান, রাজ্যে মমতা ব্যানার্জির নেতৃত্বে উন্নয়ন থমকে গেছে। সমগ্র দেশে উন্নয়ন হলেও এরাজ্যে কাটমানির কারণে তা বন্ধ হয়ে গেছে। কেন্দ্রীয় প্রকল্প চালু করার ক্ষেত্রেও মুখ্যমন্ত্রী তার ভোট ব্যাংকের বিষয়ে চিন্তাভাবনা করেন। এছাড়া দুর্নীতি, তোলাবাজির কারণে শিল্প চলে যাওয়া, মহিলাদের সুরক্ষার অভাব সহ বিভিন্ন বিষয় উল্লেখ করে শ্রী শাহ বলেন, রাজ্যের মানুষ আর চুপ করে থাকবে না। রাজ্যের মানুষ যেভাবে কংগ্রেস, বামফ্রন্ট এবং তৃণমূল কংগ্রেসকে সুযোগ দিয়েছেন, একইভাবে বিজেপিকেও সুযোগ দিলে বিজেপি বাংলার হত গৌরব পুনরুদ্ধার করবে এবং মনীষীদের স্বপ্নের বাংলা গড়ে তুলবে।

এদিকে, বাঁকুড়ার বড়জোরায় একটি সভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিজেপিকে নিশানা করে বলেন যে শুধু বাংলায় অনুপ্রবেশকারী থাকলে পহেলগাঁও ও দিল্লিতে হামলা হল

কী করে? মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্য সরকার উন্নয়নের স্বার্থে বহু জমি দিয়েছে। এই নিয়ে নানা মহল থেকে ভাস্ত প্রচার করা হচ্ছে। তারকেশ্বর-বিষ্ণুপুর রেলপথ, রানিগঞ্জ, জামুড়িয়া ইসিএল-এর জমি রাজ্য সরকারই ব্যবস্থা করে দিয়েছে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন।

অন্যদিকে, অমিত শাহের বক্তব্য প্রসঙ্গে মঙ্গলবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, বিজেপি ১১ বছর ধরে ক্ষমতায়, অথচ অনুপ্রবেশ আটকানো গেল না কেন? এর জবাব তো কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীরই দেওয়া উচিত।

তোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে Senior Deputy Election Commissioner জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে নির্বাচন কমিশনের একটি দল আজ এরাজ্যে এসেছেন। শুনানি পর্বের কাজ সরজিমিনে খতিয়ে দেখতে দলটি রাজারহাট-গোপালপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বাণ্ডাইআটি অঞ্চলে একটি শুনানি কেন্দ্রে যায়। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী ও উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুরূত পালও তাঁদের সঙ্গে ছিলেন। পরে শুনানি পর্ব নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এর সঙ্গে জ্ঞানেশ কুমার বৈঠক করেন। এরপর আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্য যেসব হাইরাইজ বিল্ডিং, হাউজিং কমপ্লেক্স এর মধ্যে পোলিং বুথ করার পক্ষে উপযুক্ত সে সম্পর্কিত সর্বশেষ পরিস্থিতি পর্যালোচনা করতে জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে তাঁদের বৈঠক হয়। ওই বৈঠকে কলকাতা উত্তর ও কলকাতা দক্ষিণ, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, লগলি, পূর্ব ও পশ্চিম বর্ধমান সহ ৮ জন জেলা নির্বাচনী আধিকারিকরা উপস্থিত ছিলেন। বিকেলে তাঁদের রাজ্যের সব জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে ভিড়ও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেছেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডে সূত্রে খবর।

রাজ্যের স্কুল শিক্ষক ও শিক্ষিকাদের মাধ্যমিক পরীক্ষার সময় নির্বাচন কমিশনের কাজ থেকে অব্যাহতি দেওয়ার জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে মুখ্য নির্বাচন কমিশনারের কাছে আবেদন জানানো হয়েছে। আগামী ২'রা ফেব্রুয়ারী থেকে ১২'ই ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্যে মাধ্যমিক পরীক্ষা। ভোটার তালিকায় নিবিড় সংশোধনের কাজ তখনো চলবে। রাজ্যের অধিকাংশ শিক্ষক-শিক্ষিকারা বুথ লেভেল অফিসার হিসেবে এই কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। তাই শিক্ষকের অভাবে মাধ্যমিক পরীক্ষার সময় যাতে কোনো রকম ব্যাঘাত সৃষ্টি না হয় তা নিশ্চিত করতেই মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে মুখ্য নির্বাচন কমিশনারের কাছে লিখিতভাবে আবেদন করা জানানো হয়েছে। ওই সময় এস আই আর এর কাজ থেকে যেন তাঁদের যাতে সাময়িকভাবে অব্যাহতি দেওয়া হয় সেই আবেদন জানানো হয়েছে।

SIR-এর শুনানি পর্বে তথ্য যাচাইয়ের জন্য বয়স্ক ও অসুস্থ ভোটারদের কেন্দ্রে হাজির হতে বাধ্য করা যাবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। কমিশনের তরফে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটার, গুরুতর অসুস্থ ব্যক্তি এবং বিশেষভাবে সক্ষমদের ক্ষেত্রে মানবিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে। এই শ্রেণির ভোটাররা নিজেরা বা তাঁদের হয়ে কেউ অনুরোধ জানালে তাঁদের শুনানির জন্য ডাকা যাবে না। ইতিমধ্যেই যদি কোনও নোটিস জারি হয়ে থাকে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটারের সঙ্গে ফোনে যোগাযোগ করে শুনানিতে না আসার অনুরোধ জানানো যেতে পারে। যাচাই প্রক্রিয়া প্রয়োজনে তাঁদের নিজ বাসভবনেই সম্পন্ন করা হবে।

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গভীর শোকপ্রকাশ করে বলেছেন, তিনি ছিলেন উল্লেখযোগ্য জননেত্রী। এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি বলেন, বাংলাদেশের উন্নয়নে তিনি বিশেষ ভূমিকা নিয়েছিলেন।

উল্লেখ্য, বেগম জিয়ার শেষকৃত্যে যোগ দিতে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর আগামীকাল তাকায় যাচ্ছেন।

আজকের প্রসঙ্গে আজ শুনবেন 'কর ও রাজস্ব সংস্কারে কেন্দ্রীয় সরকারের সার্বিক উদ্যোগ' নিয়ে একটি বিশেষ আলোচনা। এতে অংশ নিয়েছেন আয়কর বিশেষজ্ঞ তথা একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর ডঃ মৈনান রায়। তাঁর সঙ্গে কথা বলেছেন অভিরূপ ভট্টাচার্য। গীতাঞ্জলী প্রচার তরঙ্গে আজ রাত আটটায় শুনবেন এই অনুষ্ঠান।

পূর্ব রেলওয়ের নতুন টাইম টেবিল আগামী পয়লা জানুয়ারি থেকে কার্যকর হচ্ছে। নতুন টাইম টেবিলে মেল/এক্সপ্রেস, প্যাসেঞ্জার ও লোকাল ট্রেনের সময়সূচিতে পরিবর্তন, ট্রেন যাত্রার দিন সংখ্যা পরিবর্তন, ট্রেনরুট সম্প্রসারণ ইত্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে।

চলতি শীতের মরশুমে আজ কলকাতায় শীতলতম দিন। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় 12.6° সেলসিয়াস যার স্বাভাবিকের থেকে এক দশমিক দুই ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রাও রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের থেকে প্রায় ৬ ডিগ্রি কম। এদিকে, দক্ষিণবঙ্গে রেকর্ড হওয়া সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা উত্তরবঙ্গের সর্বনিম্ন তাপমাত্রার নিচে ছিল। উত্তরবঙ্গে সব থেকে কম ন্যূনতম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে আলিপুরদুয়ারে ৮ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় তাপমাত্রা ছিল 3.8 ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল পর্যন্ত দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে কুয়াশার সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী চার দিন ঘন কুয়াশার পূর্বাভাস রয়েছে। তবে, আগামীকাল থেকে তাপমাত্রা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দণ্ডের জানিয়েছে।

নেতাজী সুভাষচন্দ্র বসু ১৯৪৩ সালের আজকের দিনে আন্দামান ও নিকোবর দ্বীপপুঁজি ভারতবর্ষের ত্রিবর্ণ পতাকা উত্তোলনের মাধ্যমে দেশের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন। এই দিনটি তথা 'শহীদ স্বরাজ দিবস' স্মরণ করতে 'আজাদ হিন্দ পিপলস মিশন' সংগঠনের তরফে কলকাতা প্রেস ক্লাবে একটি সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে নেতাজীর নানান অবদান সম্পর্কে আলোচনা করেন সংগঠনের সভাপতি নেতাজী গবেষক ড: জয়ন্ত চৌধুরী।

২০২৫ এর একেবারে শেষ প্রান্তে দাঁড়িয়ে আমরা। এই বছরে আমরা বিশ্বের দরবারে দেশের ঐতিহ্যবাহী সংস্কৃতি, শিল্প ও আধ্যাত্মিকতাকে পৌঁছে দিতে পেরেছি।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল- কাশফিন)

কলকাতার বাবুঘাটের কাছে ষ্ট্যান্ড রোডে আন্নেয়ান্ট্র সহ দুই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। কলকাতা পুলিশের STF গোপনসূত্রে খবর পেয়ে আজ দুপুরে, তিনটি আন্নেয়ান্ট্র ও ২২ টি কার্তুজ সহ ওই দুজনকে গ্রেপ্তার করে।

সম্পর্কে দুই ভাই রবীন্দ্র প্রসাদ ও জিতেন্দ্র প্রসাদ, হাওড়ার গোলাবাড়ি থানা এলাকার শালকিয়ার বাসিন্দা। ধূতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।
